



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন : ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/১১২

তারিখঃ ২৬ জুলাই ২০২২

বিষয় : ২৭ জুলাই ২০২২ তারিখে ০৪ টি পৌরসভার নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃতব্য স্থাপনায় অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা বন্ধ রাখা এবং ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র নং : ডিওএস সার্কুলার লেটার নং- ২৯ তারিখ ২৫ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (কপি সংযুক্ত)।

জনপ্রশাসন মন্ত্রণালয়-এর ২০ জুলাই ২০২২ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১-১৫৪ মোতাবেক ০৪ টি পৌরসভার (জয়পুরহাট জেলার পাঁচবিবি ও ক্ষেতলাল, জামালপুর জেলার দেওয়ানগঞ্জ এবং ঢাকা জেলার দোহার) নির্বাচন উপলক্ষ্যে ২৭ জুলাই ২০২২ ভোট গ্রহণের দিন নির্বাচনী এলাকাধীন যে সকল স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারন করা হয়েছে সে সকল স্থাপনায় ব্যাংকের কোন শাখা/উপশাখা থাকলে তা বন্ধ রাখাসহ সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাধীন বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখা/অফিসে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

সংযুক্তি : বর্ণনানুযায়ী ০২ (দুই) পাতা।

জামিল হোসেন

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

বিতরণঃ

০১। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/১১২

তারিখঃ ২৬ জুলাই ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক। যে সকল স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারন করা হয়েছে সে সকল স্থাপনায় ব্যাংকের কোন শাখা থাকলে তার তালিকা ২৬ জুলাই ২০২২ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এবং আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগে প্রেরণ করতে হবে।
- ০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।

(বিপুল চন্দ্র সরকার)

মুখ্য কর্মকর্তা



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৯

১০ শ্রাবণ ১৪২৯  
তারিখঃ -----  
২৫ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

২৭ জুলাই ২০২২ তারিখে ০৪ টি পৌরসভার নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায়  
ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃতব্য স্থাপনায় অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা বন্ধ রাখা এবং  
ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয়-এর ২০ জুলাই ২০২২ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১-১৫৪  
মোতাবেক ০৪টি পৌরসভার (জয়পুরহাট জেলার পাঁচবিবি ও ক্ষেতলাল, জামালপুর জেলার দেওয়ানগঞ্জ, এবং ঢাকা জেলার  
দোহার) নির্বাচন উপলক্ষ্যে ২৭ জুলাই ২০২২ ভোট গ্রহণের দিন নির্বাচনী এলাকাধীন যে সকল স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে  
ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে সে সকল স্থাপনায় ব্যাংকের কোন শাখা/উপশাখা থাকলে তা বন্ধ  
রাখাসহ সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাধীন আপনাদের ব্যাংকের শাখা/উপশাখাসমূহে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের  
সুযোগ দানের জন্য পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)  
পরিচালক (ডিওএস)  
ফোন : ৯৫৩০০৯৩




নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১-১৫৪

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯  
২০ জুলাই ২০২২

### প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিক প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক ৪টি পৌরসভার (জেয়পুরহাট জেলার পাঁচবিবি ও ক্ষেতলাল, জামালপুর জেলার দেওয়ানগঞ্জ এবং ঢাকা জেলার দোহার) সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ২৭ জুলাই ২০২২ বুধবার সাধারণ ছুটি ব্যতীত নির্বাচনী এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে, সেগুলো বন্ধ ঘোষণা করা হলো। তাছাড়া সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাধীন স্বাস্থ্যসেবা ও শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল অফিস/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ মশিউর রহমান তালুকদার)

উপসচিব

ফোন: ০২-৯৫১৪৪৯২

ই-মেইল: [reg4@mopa.gov.bd](mailto:reg4@mopa.gov.bd)

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.২১-১৫৪/১(১০০)

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯  
২০ জুলাই ২০২২

### অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪) সিনিয়র সচিব/সচিব,----- বিভাগ/মন্ত্রণালয়, (নির্বাচন কমিশন সচিবালয়সহ সকল) (জের অধীন অফিস ও সংস্থাসমূহের সকলকে অবহিত করার অনুরোধসহ)
- ৫) পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৬) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা/রাজশাহী/ময়মনসিংহ।
- ৮) প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়,..... (সংশ্লিষ্ট জেলা প্রশাসক)।
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,..... (সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার)।
- ১৩) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।



(মোঃ মশিউর রহমান তালুকদার)

উপসচিব